দৈনিক বাংলা

10

তারিখ 02 JUL 1996
পৃষ্ঠা ৮ কলাম ৫

কর্মকর্তাদের সঙ্গে বৈঠক

# নিরক্ষরতা দূরীকরণে দ্রুত পরিকল্পনা নিন ঃ সাদেক

শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী এ এস এইচ কে সাদেক সোমবার প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। খবর তথ্য বিবরণীর।

বৈঠকে দেশে প্রাথমিক শিক্ষা ও উপানুষ্ঠানিক শিক্ষার অগ্রগতি সম্পর্কে মন্ত্রীকে অবহিত করা হয়। বৈঠকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী এবং উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর বাস্তবায়ন কৌশল ও অগ্রগতি এবং এ সকল কার্যক্রমের পারস্পরিক সম্পৃক্ততা সম্পর্কে বিশদভাবে আলোচনা হয়।

মন্ত্রী বর্তমান সরকারের শিক্ষা সংক্রান্ত রাজনৈতিক অঙ্গীকার অর্থাৎ আগামী দশ বছরের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ এবং সবার জন্য শিক্ষা কর্মসূচীর সফল বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। এ লক্ষ্য অর্জনে কি কি কৌশল অবলম্বন করা প্রয়োজন সে সম্পর্কে কর্মকর্তাদের অভিজ্ঞতার আলোকে দ্রুত একটি কর্মপরিকল্পনা প্রস্তুতের জন্য তিনি পরামর্শ দেন। তিনি শিক্ষার মান উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করে এ সম্পর্কে কর্মকর্তাদের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন।

বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব সৈয়দ আমীর-উলমূলক ও পদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।